খুলনা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট
ক্রমিক নং- ৯৯৯
তারিখ : ১৫/০৩/২৩

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭

www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০৫.২২.০১০

তারিখ ০১ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
১৫ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ও ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিংশিক্ষাক্রমের ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্বে অধ্যয়নরত পুনঃভর্তির প্রয়োজন এমন শিক্ষার্থীদের আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণপূর্বক সংশ্লিষ্ট প্রবিধানের পূনঃভর্তির সাধারন নীতিমালার আলোকে যাচাই-বাছাই করে আগামী **১৫-৩০ মার্চ, ২০২৩ খ্রি.** তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানে **Login** করে বোর্ডের ওয়েবসাইটে **"অনলাইন তথ্য প্রেরণ/গ্রহণ"** ব্লকের **"ডিপ্লোমা পর্যায়"** প্রবেশ করে **"Diploma Re-admission Data Entry link"** অনলাইনে তথ্যাদি প্রেরণ করতে হবে এবং অনলাইনে প্রেরিত তথ্যের অনলাইন প্রিন্ট আউট কপি, প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত ফরওয়াডিং ও বোর্ড নির্ধারিত ফি জমাদানের ব্যাংক ড্রাফটসহ প্রয়োজনীয় কাগজপত্র আগামী ১৫-২৯ মার্চ, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে বোর্ডে জমা দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

### পুনঃভর্তি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক (১)

| পুনঃভর্তিচ্ছু শিক্ষার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠানে আবেদনের তারিখ | প্রতিষ্ঠান কর্তৃক বোর্ডে অনলাইনে তথ্য প্রেরণের তারিখ | পুনঃভর্তি ফি বাবদ সমুদয় টাকার ব্যাংক ড্রাফটসহ প্রয়োজনীয় কাগজপত্র বোর্ডে জমাদানের তারিখ |
|---|---|---|
| ১৫-৩০ মার্চ, ২০২৩ খ্রি. | ২৭ মার্চ, ২০২৩ খ্রি. থেকে ০৫ এপ্রিল, ২০২৩ খ্রি. | ০৬ এপ্রিল, ২০২৩ খ্রি. থেকে ১৭ এপ্রিল, ২০২৩ খ্রি. পর্যন্ত |

### পুনঃভর্তি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক (২)

| প্রতিষ্ঠান কোড ও নাম: | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| প্রতিষ্ঠানের ই-মেইল ঠিকানা: | | | | প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর: | | | | |
| ক্রম | শিক্ষার্থীর নাম | টেকনোলজি | রোল নং | রেজিস্ট্রেশন নং | শিফট | পর্ব | সেশন | ভর্তিকৃত প্রবিধান |
| | | | | | | | | |

### পুনঃভর্তির সাধারণ নিয়মাবলীঃ

১। ১ম পর্বে পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের আবশ্যিকভাবে প্রবিধান-২০২২ অনুসরনপূর্বক অধ্যয়ন করতে হবে। তবে ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিংশিক্ষাক্রমের শুধুমাত্র টেক্সটাইল টেকনোলজির ১ম পর্বের পুনঃভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে চালুকৃত ইয়ার্ন/ওয়েট/ফেব্রিক্স এর মধ্যে শিক্ষার্থীর পছন্দনুযায়ি যে কোন একটি স্পেশালাইজেশনে অধ্যয়ন করতে হবে;

২। ৩য় ও ৫ম পর্বের যেকোন প্রবিধানের পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের আবশ্যিকভাবে প্রবিধান-২০১৬ অনুসরনপূর্বক অধ্যয়ন করতে হবে;

৩। শুধুমাত্র ৭ম পর্বে পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের সংশ্লিষ্ট প্রবিধান-২০১০ ও প্রবিধান-২০১৬ (যার জন্য যেটি প্রযোজ্য) অনুসরণ করতে হবে। তবে প্রবিধান-২০১০ এর আওতায় অধ্যয়নরত ৭ম পর্বের শিক্ষার্থীদের জন্য এটাই হবে সর্বশেষ পুনঃভর্তি;

৪। প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬-এর ৪.১৪.৪ ধারায় বর্ণিত অকৃতকার্য কোন শিক্ষার্থী ৭ম পর্বে পূনঃভর্তি হতে চাইলে তাদের ক্ষেত্রে প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬-এর ৪.১৪.৫ ধারা মোতাবেক ৭ম পর্বে সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণকসহ আবেদন করতে হবে;

৫। ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্বে পুনঃভর্তিযোগ্য শিক্ষার্থীদের পুর্বে পুনঃভর্তি থাকলেও তা বাতিল বলে গণ্য হবে এবং শিক্ষার্থীকে নতুন করে পুনঃভর্তি হতে হবে অন্যথায় শিক্ষার্থী অধ্যয়ন করলেও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না;

৬। প্রতিষ্ঠানে পূনঃভর্তির আবেদন প্রাপ্তির পর আবেদন সংশ্লিষ্ট প্রবিধানের আলোকে যাচাই-বাছাই করে পূনঃভর্তিচ্ছু শিক্ষার্থীদের পূনঃভর্তি ফি বাবদ শিক্ষার্থী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে মোট টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকুলে একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে;

৭। নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত পদ্ধতিতে Online-এ প্রেরণ এবং Online-এ প্রেরিত তথ্যের প্রিন্ট কপি জমা দিতে হবে;

৮। Online-এ প্রেরিত হলেও শিক্ষার্থীর পূনঃভর্তির প্রয়োজন না হলে তা বাতিল বলে গণ্য হবে।

বি: দ্র: পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের নির্ধারিত ছক আকারে তথ্যাদি পূরণসহ আবেদনের সাথে রেজিষ্ট্রেশন কার্ড এবং সর্বশেষ পর্বের প্রবেশ পত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি, সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্তসহ সমূদয় টাকার ব্যাংক ড্রাফটসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র আগামী ০৬ **এপ্রিল, ২০২৩ খ্রি. থেকে ১৭ এপ্রিল, ২০২৩ খ্রি.** তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, মোট পুনঃভর্তিকৃত শিক্ষার্থীর সমূদয় টাকার একটি মাত্র ব্যাংক ড্রাফট হবে।

- **০৬ এপ্রিল, ২০২৩ খ্রি. থেকে ১৭ এপ্রিল, ২০২৩ খ্রি. তারিখের পরে পুন:ভর্তির কোন আবেদন সুপারিশ করে বোর্ডে প্রেরণ না করার জন্য সকল অধ্যক্ষ মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।**

(প্রকৌশলী মোঃ রকিব উল্লাহ)
পরিচালক (কারিকুলাম)
ফোন নং-০২-৫৫০০৬৫২৩

অধ্যক্ষ
**সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট /সরকারি মনোটেকনিক ইনস্টিটিউট/সরাকারি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট/সরকারি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি/বেসরকারি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিংইন্সটিটিউট/বেসরকারি ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিংইন্সটিটিউট (সকল)।**

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০৫.২২.০১০ (০৯)

তারিখ ০১ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
১৫ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
৪-৬। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। অফিস নথি।

১৫/০৩/২৩
(রূপক কান্তি বিশ্বাস)
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৫৫০০৬৫৪০